


ছাত্র সংসদ নির্বাচন চাই

শরিফুল ইসলাম

দুই যুগ হতে চলল দেশের প্রধান শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ ডাকসুসহ হলগুলোতে কোনো সংসদ নির্বাচন হয় না। ঠিক একই পরিস্থিতি দেশের অন্য বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে। স্বাধীনতা-পূর্ববর্তী ও পরবর্তীকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাজনীতি এ দেশের অনেক জটিল সংকট থেকে উত্তরণের পথ সৃষ্টি করেছে। এ ক্ষেত্রে নকইয়ের ছাত্র আন্দোলনের কথা বলা চলে। এরশাদ সরকারের শাসনামলে অবরুদ্ধ গণতন্ত্রকে মুক্ত করতে নকইয়ের ছাত্র আন্দোলনের কথা অনস্বীকার্য। স্বৈরাচারী সরকারের আমলে যদি ছাত্ররাজনীতি ও ছাত্র আন্দোলনের অনুকূল অবস্থা থাকতে পারে, তবে গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় তা কেন নয়? ছাত্র সংসদ নির্বাচনে কিংবা ছাত্ররাজনীতিতে সহিংসতার কারণেই যদি তা স্থগিত করা হয়ে থাকে, তবে বর্তমান একটি বিশেষ মহলের ছাত্ররাজনীতির মধ্যে এত ষেজাচারিতা কেন? কেন প্রকাশ্যে বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের মরতে হচ্ছে?

ছাত্র সংসদ নেই বলে ছাত্রনেতাদের নিজেদের ভারসূতি উদ্ধার করারও কোনো তাগিদ নেই। প্রধান দলের মনদপুট



হওয়ার সুযোগ আছে বলেই অছাত্র ও আদু ওইয়েরা ছাত্ররাজনীতি করতে পারছে। যদি নিয়মিত ছাত্র সংগঠনগুলোর কমিটি পুনর্বিন্যাস করা হতো, তাহলে ছাত্রনেতারা ইতিবাচক রাজনীতি ও আচরণ দ্বারা নিজেদের যোগ্যতার প্রমাণ দেওয়ার চেষ্টা করত। তাহলে রাজনীতির সঙ্গে জড়িত থাকলেও ছাত্রনেতারা নিজেদের অধ্যয়নে

নিয়োজিত রাখারও তাগিদ অনুভব করত। নির্বাচনের মাধ্যমে ছাত্র সংসদ গঠিত হলে কলেজ-

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিভিন্ন ছাত্র সংগঠন নবীনবরণসহ নানাবিধ সাংস্কৃতিক কর্মকাণ্ডে নিজেদের সম্পৃক্ত রাখত। ফলে বিভিন্ন মতাদর্শের ছাত্রদের মধ্যে একটা সহাবস্থানের মনোভাব সৃষ্টির অনুকূল পরিবেশ রচিত হতো। ছাত্র সংসদ থাকলে কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতারা উপাচার্য-প্রক্টর ও

অধ্যক্ষদের সঙ্গে প্রতিষ্ঠান পরিচালনার ব্যাপারে মতবিনিময় করার সুযোগ পেত। ফলে প্রশাসন ও ছাত্রনেতাদের মধ্যেও একটা সেতুবন্ধ তৈরি হতো। মূল দল যদি ছাত্রনেতাদের অনৈতিক-অবৈধ কাজে সম্পৃক্ত না করে বা মদদ না জোগায়, তাহলে ছাত্ররাজনীতিতে কখনও সহিংসতা হয় না। ১৯৯০-পরবর্তী সময়ে আমাদের দেশে গণতন্ত্র চর্চা হচ্ছে ঠিকই, কিন্তু প্রধান রাজনৈতিক দলগুলোর ধারাবাহিক সংসদ বর্জন, দুর্নীতি ও অদক্ষ-অযোগ্য মন্ত্রীদের কারণে সেই গণতন্ত্র সুধীমহল-সুশীল সমাজে প্রপ্রবিক্ত। এমতাবস্থায় ডাকসুসহ সারাদেশের ছাত্র সংসদ বন্ধ রেখে দেশের কী উপকার হয়েছে? উন্নত গণতন্ত্র চর্চাকারী দেশগুলোর মতো অবস্থা যেহেতু এখনও আমাদের দেশে প্রতিষ্ঠিত হয়নি, তাই বৃহত্তর স্বার্থে ডাকসুসহ দেশের সব বিশ্ববিদ্যালয়-কলেজে ছাত্র সংসদ নির্বাচনের অনুকূল পরিবেশ সৃষ্টি করা প্রয়োজন।

১) বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ
পাংশা বিশ্ববিদ্যালয়
কলেজ, রাজবাড়ী
sharifuljrd@gmail.com